গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
উপজেলা প্রকৌশলীর কার্যালয়
দৌলতপুর, কুষ্টিয়া।
www.lged.gov.bd

" শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং-৪৬.০২.৫০৩৯.০০০.০০৭. ০৮৪.২৩- ৪০৮৮ তারিখ: ২৪/০৫/২০২৩ ইং।

" নিলাম বিজ্ঞপ্তি "

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, (ক) দৌলতপুর উপজেলা পরিষদের অভ্যন্তরে পুরাতন গোডাউন ভবন (খ) রিফাইতপুর মাধ্যমিক বিদ্যালয়ের সামনে পরিত্যক্ত যাত্রী ছাউনি আগামী ০১/০৬/২০২৩ ইং তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১২.০০ ঘটিকার সময় উপজেলা পরিষদ মিলনায়তনে প্রকাশ্য নিলাম ডাকে বিক্রি করা হবে। নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিবর্গকে নির্ধারিত পুরাতন ভবন পরিদর্শন পূর্বক নিলাম প্রক্রিয়ায় অংশ গ্রহনের জন্য অনুরোধ করা হলো। নিলাম ডাকের পূর্ব দিন পর্যন্ত এ সংক্রান্ত যাবতীয় তথ্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে অফিস চলাকালীন সময়ের মধ্যে জানা যাবে।

নিলাম ডাকের শর্তাবলী ঃ

১। নিলাম ডাকে অংশ গ্রহনে ইচ্ছুক ব্যক্তিবর্গকে ফেরতযোগ্য জামানত হিসাবে ৫,০০০/= (পাঁচ হাজার) টাকা মাত্র নগদ জমা করে নিলাম ডাকে অংশ গ্রহন করতে হবে।

২। ডাককারীকে নির্ধারিত সময়ের ১(এক)ঘন্টা পূর্বে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে উপস্থিত হয়ে অংশগ্রহনের জন্য জামানত জমাদান পূর্বক দাম তালিকাভুক্ত করতে হবে।

৩। উপর্যুক্ত ডাকে সর্বোচ্চ ডাককারীর নামে নিলাম বরাদ্দ হবে। ডাকের সমুদয় অর্থ নিলাম অনুষ্ঠিত হওয়ার পরবর্তী ৩ (তিন) দিনের মধ্যে ট্রেজারী চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা দিতে হবে। চালানের মূল কপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিয়ে কার্যাদেশ সংগ্রহ করতে হবে।

৪। সর্বোচ্চ নিলাম ডাককারী হিসাবে বিবেচিত ডাককারীকে ক্রয়কৃত পুরাতন ভবনের মূল্যের উপর ১৫% ভ্যাট ও ৫% আয়কর ট্রেজারী চালানের মাধ্যমে নির্ধারিত কোডে একই দিনে জমা প্রদান করতে হতে।

৫। সর্বোচ্চ ডাককারী কর্তৃক ডাক মূল্যে জমাদান সাপেক্ষে সর্বোচ্চ ডাককারী এবং ২য় ও ৩য় সর্বোচ্চ ডাককারীর জামানত ফেরত প্রদান করা হবে।

৬। নিলাম ডাকের অনুমোদনের পর সর্বোচ্চ নিলাম ডাককারীকে নিজ খরচে ও নিজ দায়িত্বে পুরাতন ভবন ভেঙ্গে জায়গা পরিষ্কারসহ মালামাল সরিয়ে নিতে হবে।

৭। কার্যাদেশ প্রাপ্তির ৩০(ত্রিশ) দিনের মধ্যে পুরাতন ভবন ভেঙ্গে নিজ খরচে মালামাল সরিয়ে নিতে হবে। অন্যথায় নিলাম মূল্য বাজেয়াপ্ত করণসহ ও কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে।

৮। নিলামের জন্য নির্ধারিত ভবন সরেজমিনে পরিদর্শন পূর্বক নিলাম ডাকে অংশ গ্রহন করতে হবে। ডাক পরবর্তী কোন আপত্তি গ্রহনযোগ্য হবে না।

৯। কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল নিলাম ডাক গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষন করবেন।

২৪/৫/২৩

(মোঃ রাকিব হোসেন)
উপজেলা প্রকৌশলী
দৌলতপুর, কুষ্টিয়া।
e-mail: ue.daulatpur.kus@lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.৫০৩৯.০০০.০০৭. ০৮৪.২৩- ৪০৮৮/(১-৬)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরন করা হলোঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দৌলতপুর, কুষ্টিয়া।
২। উপজেলা নির্বাহী অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া।
৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দৌলতপুর, কুষ্টিয়া।
৪। উপজেলা ----------কর্মকর্তা , দৌলতপুর, কুষ্টিয়া।
৫। সম্পাদক,----------বিজ্ঞপ্তিটি আগামী----------ইং তারিখে পত্রিকায় ভিতরের পৃষ্ঠায় ০১ দিনের জন্য প্রকাশের অনুরোধ করা হলো।
৬। অফিস কপি।

২৪/৫/২৩

(মোঃ রাকিব হোসেন)
উপজেলা প্রকৌশলী
দৌলতপুর, কুষ্টিয়া।
e-mail: ue.daulatpur.kus@lged.gov.bd